মোনাখালীতে মিডার কৃতি শিক্ষার্থী সংবর্ধনা

প্রতিকূলতা দূরে থাক মিডা এগিয়ে যাক এই শ্লোগানকে সামনে রেখে মুজিবনগর উপজেলার মোনাখালীতে কৃতি শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠান ২০২২ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০ টার সময় মোনাখালী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে মোনাখালী শিক্ষা উন্নয়ন সংঘ, মিডা এ কৃতি শিক্ষার্থী সংবর্ধনা আয়োজন করে।

স্থানীয় সংগঠন মিডার সভাপতি মনিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এই কৃতি শিক্ষার্থী সংবর্ধণা অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তব্য রাখেন মিডার উপদেষ্টা পরিষদের সদস্য ও মেহেরপুর সদর সহকারী শিক্ষা অফিসার আসাফুদ্দৌলা শামিম।

মিডার উপদেষ্টা ও রাজাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক ফিরাতুল ইসলাম, উপদেষ্টা ও পুরন্দরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক শিরিনা আক্তার, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হাজী সাদেক আলী, মিয়া মনসুর একাডেমির সহকারী শিক্ষক বায়োজিদ হোসেন।

এছাড়া বক্তব্য রাখেন, মিডার সাধারণ পরিষদের সদস্য শাহীনুর রহমান মানিক, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ, মুজিবনগর উপজেলা মুক্তিযুদ্ধ কমান্ডার আমজাদ হোসেন, সাবেক চেয়ারম্যান মাহাবুবুর রহমান ডাবলু, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক মেনেজিং কমিটির সভাপতি কামারুল ইসলাম।

সকল অতিথিবৃন্দুরা গ্রামের সকল ছাত্র – ছাত্রী ও কৃতি শিক্ষার্থীদের উদ্দেশে দিক নিদের্শনা ও লেখাপড়া মান উন্নয়ন নিয়ে কথা বলেন। সেই সাথে বিশ্ববিদ্যালয়,মেডিকেলে চাঞ্চপ্রাপ্ত ছাএ-ছাএীদের অভিনন্দন ও শুভেচ্ছা জানায় এবং তাদের হাতে মিডার পক্ষ থেকে ক্রেষ্ট তুলে দেওয়া হয়।

উক্ত অনুষ্টানে উপস্থিত ছিলেন সাধারণ পরিষদের সদস্য শহিদুল ইসলাম আন্টু, মিজানুর রহমান, মিডার সাবেক সভাপতি হাসানুজ্জামান সোহাগ, সাবেক লাইব্রেরি সম্পাদক রকিবুল ইসলাম, সহসভাপতি সালাউদ্দিন,

রাজু আহম্মেদ, সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগ, সাংগঠনিক সম্পাদক সাব্বির আহম্মেদ মুন্না, অর্থ সম্পাদক আসিফ ইকবাল শুভ, লাইব্রেরি সম্পাদক মাহফুজ ইমন, মুস্তাকিন আলী, নাজমুল হোসাইন, কানিজ সুবর্না তন্নি, নাইমা শ্রাবনী, মুস্তাকিম, আল মামুন,সদস্য পিয়াস, রাকিব, সাব্বির, অন্তর, রাজিব ,জিহাদ প্রমুখ।